# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩০৩৫

১৯/ হজ্জ (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ১৯/৬৬. আরোহিত অবস্থায় কংকর নিক্ষেপ করা

بَاب رَمْيِ الْجِمَارِ رَاكِبًا

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، عَنْ أَيْمَنَ بْنِ نَابِلٍ، عَنْ قُدَامَةَ بْنِ عَبْدِ اللَّهِ الْعَامِرِيِّ، قَالَ رَأَيْتُ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ رَمَى الْجَمْرَةَ يَوْمَ النَّحْرِ عَلَى نَاقَةٍ لَهُ صَهْبَاءَ لاَ ضَرْبَ وَلاَ طَرْدَ وَلاَ إِلَيْكَ إِلَيْكَ .

বাংলা

২/৩০৩৫। কুদামা ইবনে আবদুল্লাহ আল-আমেরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কোরবানীর দিন লাল-সাদা মিশ্র বর্ণের একটি উষ্ট্রীতে সওয়ার অবস্থায় জামরায় কংকর নিক্ষেপ করতে দেখেছি। এতে না ছিল আঘাত, না ছিল হাঁকানো, না এদিক, না ওদিক।

## English

It was narrated that Qudamah bin ‘Abdullah Al-‘Amiri said:
“I saw the Prophet (ﷺ) stone the Pillar, on the Day of Sacrifice, from atop a reddish-brown camel of his, without beating anyone, driving them off or telling them to go away.”

ফুটনোট

তিরমিযী ৯০৩, নাসায়ী ৩০৬১, আহমাদ ১৪৯৮৫, দারেমী ১৯০১, মিশকাত ২৬২৩।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আয়মান বিন নাবীল সম্পর্কে আবু আহমাদ বিন আদী আল-জুরজানী বলেন, তার থেকে হাদিস বর্ণনায় কোন সমস্যা নেই। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল করেতেন। আবু আবদুল্লাহ আল-হাকিম আন-নায়সাবুরী বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় সন্দেহ করেন। ইমাম দারাকুতনী বলেন, তিনি নির্ভরযোগ্য

নয়। সুফইয়ান আস-সাওরী বলেন, তিনি সিকাহ। মুহাম্মাদ বিন আম্মার তাকে সিকাহ বলেছেন। ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি মক্কায় সত্যবাদী ছিলেন। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৯৯, ৩/৪৪৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ কুদামা ইবন আবদুল্লাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=43999

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন